



মূল্য পুনঃআরোপযোগ্য মেরামত

আপনার গৃহে অধিকাংশ মেরামতকাজ আমাদের ঠিকাদারদের মাধ্যমে করা হলেও এবং আমরা তার জন্য মূল্য পরিশোধ করলেও কতগুলো কাজের দায়িত্ব আপনার। উদাহরণস্বরূপ, ভাঙ্গা জানালা বা টয়লেটের আসন, অথবা গৃহের কারো দ্বারা অসাবধানতাবশতঃ ঘটিত ক্ষয়ক্ষতি

এসব মেরামতকাজ সম্পন্ন করতে Southern Housing Group Ltd (সাউদার্ন হাউজিং গ্রুপ লিমিটেড) এবং জেমস বুচার এইচ এ (James Butcher HA) –এর কাছ থেকে ভাড়া গ্রহণকারী বাসিন্দাগণ সার্ভিস সেন্টারে ফোন করুন, এবং একটি সহনীয় খরচের বিনিময়ে আমরা তা আপনার জন্য করে দেব।

আপনার সুবিধামত সময়ে আমাদের ঠিকাদারদের মাধ্যমে উচ্চ মান নিশ্চিত করে কাজটি করা হবে। আপনি যখন সার্ভিস সেন্টারে কল করবেন তখন কাজটির জন্য একটি দর আপনাকে জানানো হবে, তবে দিকনির্দেশনা হিসেবে জানানো যাচ্ছে যে আপনার জন্য ধার্যকৃত মূল্য হবে এ রকম:

- টয়লেটের সীট বা পানির ট্যাপের ওয়াশার মেরামতের জন্য £২০
- স্পাইহোল লাগানোর জন্য £২৫
- সিঙ্গল-প্লেজড জানালা মেরামত বা হারানো চাবি (তালপ্রতি) প্রতিস্থাপন এর জন্য £৫০
- সম্মুখ দরজা স্থাপন এর জন্য £১০০
- ইঁদুর বিতাড়নের জন্য £১০০ (তিনবার পরিদর্শনে সীমিত)

সাধারণতঃ ঘটে থাকে এমন আরো মেরামতের জন্য মূল্য দেখুন।

আপনি অগ্রসর হতে চাইলে আমরা আপনাকে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা আমাদের পাঠানো অল-পে কার্ডের মাধ্যমে অগ্রীম মূল্য পরিশোধ করার অনুরোধ জানাবো। এরপর আমরা আপনার সুবিধামত অ্যাপয়েন্টমেন্টের আয়োজন করবো

BENGALI-rechargeable-repairs